

# আন্তর্জাতিক শান্তি দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

২১ সেপ্টেম্বর ২০০৬

আমার প্রিয় বন্ধুরা,

আমাদের কারো কারো কাছে শান্তি প্রতিদিনকার বাস্তবতা। আমাদের পথঘাট নিরাপদ, আমাদের সম্মানেরা স্কুলে যায়। যেখানে সামাজিক কাঠামো দৃঢ়, শান্তির মূল্যবান উপহারগুলো সেখানে প্রায় অলক্ষ্যেই রয়ে যায়।

কিন্তু আজকের পৃথিবীর অনেক মানুষের কাছে এসব উপহার প্রতারণিত স্বপ্ন মাত্র। তারা বন্দিদশার মধ্যে বাস করে: নিরাপত্তাহীনতা আর ভয়ের পরিবেশে। আজকের এই দিন মূলত তাদের জন্যই।

আজ থেকে ২৫ বছর আগে সাধারণ পরিষদ এ দিনটিকে আন্তর্জাতিক শান্তি দিবস ঘোষণা করেছিল বিশ্বব্যাপী যুদ্ধবন্দন ও অহিংসার দিন হিসেবে। তখন থেকেই জাতিসংঘ এ দিবসটি পালন করে আসছে। এর অর্থ হল এই দিনে মানুষ শুধু শান্তির কথা ভাববেই না বরং এর জন্য কিছু করবেও।

কিন্তু বছরের অন্য ৩৬৪ টি দিনের মতো আজকের এই দিনেও সহিংসতা নিরীহ মানুষের জীবন কেড়ে নিচ্ছে। গত কয়েক সপ্তাহে বিশ্বের বেশ কিছু স্থানে নতুন করে সহিংসতার মাত্রা বেড়ে গেছে।

জাতিসংঘ নানাভাবে শান্তির জন্য কাজ করছে, যাতে আরো রক্তপাত না হয় সেজন্য আমরা সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছি এবং আমরা কিছু সফলতাও অর্জন করেছি।

রাষ্ট্রসমূহ নিবারক কূটনীতিকে আরো বেশি গুরুত্ব দিচ্ছে। জাতিসংঘ শান্তিরক্ষা মিশন এবং গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠায় আমাদের প্রচেষ্টা পরিবর্তন আনছে। সর্বত্র নারী-পুরুষ নির্বিশেষে প্রতিটি সমাজের প্রতিটি নাগরিক দুর্দশা লাঘবে এবং বিভিন্ন বিশ্বাস ও সংস্কৃতির মানুষের মধ্যে মেলবন্ধন তৈরি করতে কাজ করে যাচ্ছে।

অতীতের তুলনায় বর্তমানে যুদ্ধের সংখ্যা অনেক কমে এসেছে। কিন্তু এ সংখ্যাও অনেক বেশি। যুদ্ধের প্রতিটি মৃত্যুই একেবারে ব্যর্থতা, যা আমাদের স্মরণ করিয়ে দেয় আমাদের আরো কত কিছু করা প্রয়োজন।

সেই অভিপ্রায় থেকে আর শান্তির নামে এক মিনিট নিরবতা পালনের জন্য আমি বিশ্বের সবস্থানের মানুষের প্রতি আহ্বান জানাচ্ছি। আসুন আমরা স্থায়ী শান্তি প্রতিষ্ঠায় আমাদের পক্ষে যেখানে যতটুকু করা সম্ভব ততটুকু করার প্রচেষ্টা চালাই।

\* \* \* \*